

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

যুগ্ম-নিরীক্ষক নিয়োগ

বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ২০১৬-২০১৭ খ্রি. অর্থ বছরের বছরের আর্থিক প্রতিবেদন নিরীক্ষার জন্য চার্টার্ড একাউন্টস (সিএ) প্রতিষ্ঠানসমূহের নিকট হতে নিম্নোক্ত নিয়ম-নীতি প্রতিপালনপূর্বক প্রস্তাব আহবান করা যাচ্ছেঃ-

০১। কেবলমাত্র ICAB এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর তালিকাভুক্ত সিএ প্রতিষ্ঠান যুগ্মভাবে তাদের প্রস্তাব দাখিল করবেন। নিয়োগ প্রক্রিয়াকরণের সুবিধার্থে কর্পোরেশনের প্রচলিত বিধি মোতাবেক ০২টি অংশীদারী সিএ প্রতিষ্ঠাকে যুগ্ম-নিরীক্ষক হিসেবে ০১(এক) বছরের জন্য নিয়োগ দেয়া হবে।

০২। সিএ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পিপিআর ২০০৮ এর বিধি ৪৮ অনুসারে যোগ্য হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার সমর্থনে বিধি ৪৯ অনুসারে আবশ্যিকীয় কাগজপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। যুগ্ম-নিরীক্ষকদের বিধি ৫৪ অনুসারে নন-জুডিশিয়াল স্ট্যাম্প/লেটার অফ ইনডেন্ট সম্পাদন করতে হবে।

০৩। বিএসসি শেয়ার বাজারে তালিকাভুক্ত একটি সরকারী প্রতিষ্ঠান। তাই সরকারী ও নিয়ন্ত্রক সংস্থাসমূহের আইন ও নিয়ম-কানুন মোতাবেক সংস্থার মূল অফিস এবং প্রয়োজনে শাখা অফিস সমূহে নীক্ষা কার্য সম্পাদন করতে হবে। ৩০শে জুন, ২০১৭ তারিখে প্রধান কার্যালয় ও শাখা অফিসসমূহের নগদ তহবিলসহ সকল সম্পদ ও মজুদ ভান্ডার সরেজমিনে যাচাই করতে হবে এবং নিরীক্ষা কাজ অক্টোবর, ২০১৭খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত হতে হবে।

০৪। বিএসসি একটি আর্ন্তজাতিক প্রতিষ্ঠান বিধায় এর নিরীক্ষা সম্পন্ন করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের অংশীদারগণ ছাড়াও নূন্যতম চারজন করে নিরীক্ষক/আর্টিক্যাল্ড ছাত্রদের তালিকা দাখিল করতে হবে।

০৫। উভয় প্রতিষ্ঠানের যুগ্ম-নিরীক্ষা ফি প্রস্তাবে একই অংকে উল্লেখ করতে হবে। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট বার্ষিক সাধারণ সভায় অনুমোদন লাভের পর এ সংক্রান্ত ফি সমভাবে বিভাজ্য হারে বিদ্যমান আয়কর ও মুসক বাদে পরিশোধ করা হবে। নিরীক্ষা ফি'র বাইরে সংস্থা অন্য কোনরূপ সুবিধা প্রদান করবে না।

০৬। সরকারী ও শেয়ার বাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের সাম্প্রতিক নিরীক্ষা কাজে অভিজ্ঞতা, সিএ প্রতিষ্ঠানের শাখা, সিএ ও আর্টিক্যাল্ড ছাত্রের সংখ্যা ইত্যাদির ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হবে।

০৭। বর্ণিত নির্দেশনা অনুসারে প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত খামে সীলগালা করে ০২-০৩-২০১৭খ্রি. তারিখে ১৫-০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এর বিএসসি ভবনের ৪র্থ তলায় হিসাব বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। কমিটি কর্তৃক প্রাপ্ত প্রস্তাবসমূহ একই তারিখে ১৫-৩০ ঘটিকায় উপস্থিত প্রস্তাবদাতাদের সামনে (যদি কেউ থাকেন) খোলা হবে।

০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

মহাব্যবস্থাপক (হিসাব)

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড

চট্টগ্রাম। ফোন-০৩১২৫২৯২৭৮